নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
ডাইরী নং- ৭০৫
তারিখ ঃ- ০৮/১১/২০
গ্রহণকারী ঃ-
অঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ


একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর,
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৪
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১১.১১.৪০২.১৫ (অংশ-১)- ৬০৯/১(৩)

তারিখঃ ১৮ কার্তিক ১৪২৭
০৩ নভেম্বর ২০২০

**বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরে ৪র্থ শ্রেণীর ০৬ (ছয়)** ক্যাটাগরির **১৬৯টি শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গণপূর্ত অধিদপ্তরে ৪র্থ শ্রেণীর ০৬ (ছয়) ক্যাটাগরির ১৬৯টি শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে ১) দৈনিক ইত্তেফাক ২) দৈনিক জনকন্ঠ (২টি বাংলা) ও দৈনিক অবজারভার (১টি ইংরেজী) জাতীয় দৈনিক পত্রিকায় ০২ (দুই দিন) প্রকাশের জন্য নিয়োগ বিজ্ঞপ্তির ৬(ছয়) সেট এতদসংগে সংযুক্ত করে জরুরী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বিজ্ঞপ্তি-০২ পৃষ্ঠা-৬(ছয়) সেট।

০৩/১১/২০২০

( আহমেদ আব্দুল্লাহ নূর )
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ৯৫৬০৬৬৮

নির্বাহী প্রকৌশলী
ঢাকা গণপূর্ত বিভাগ-৪, ঢাকা।

অনুলিপি অবগতির জন্যঃ

১। অতিরিক্তি প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। (প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, পূর্ত ভবন, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশের জন্য বিজ্ঞপ্তি সংযুক্ত । স্ক্রলে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৪
(www.pwd.gov.bd)

স্মারক নং-২৫.৩৬.০০০০.২১১.১১.৪০২.১৫(অংশ) - ১১১০(ক)

তাং ২১ কার্তিক ১৪২৭
০৫ নভেম্বর ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্মারক নং-২৫.০২.০০০০.০১৪.১১.০০৩.১৩.৬২৭ তাং ২৭/১০/২০১৯ ইং এর পরিপ্রেক্ষিতে গণপূর্ত অধিদপ্তরের গ্রেড-১৮ হতে ২০ গ্রেডভূক্ত নিম্ন বর্ণিত (৪র্থ শ্রেণীর) শূণ্য পদসমূহ পূরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট হতে অনলাইন এর মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম, পদ সংখ্যা/ ও বেতনক্রম গ্রেড | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী ইলেকট্রিশিয়ান ৮,৮০০-২১,৩১০/- গ্রেড-১৮ | ০৫টি | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড হতে এস.এস.সি উত্তীর্ণসহ সরকার কর্তৃক স্বীকৃত ভোকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/টিটিসি হতে বৈদ্যুতিক ট্রেড কোর্স সম্পন্ন সার্টিফিকেট অথবা বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে খ ও গ শ্রেণীর বৈদ্যুতিক লাইসেন্স/ওয়ার্কম্যান পারমিটসহ সংশ্লিষ্ট ফিল্ডে/বিষয়ে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। |
| ২। | পাম্প হেলপার ৮,২৫০-২০,০১০/- ২০-গ্রেড | ০২টি | ৮ম শ্রেণী উত্তীর্ণসহ সংশ্লিষ্ট ফিল্ডে/বিষয়ে বাস্তব অভিজ্ঞতা ও সুস্বাস্থ্যের অধিকারী। |
| ৩। | ইলেকট্রিক হেলপার ৮,২৫০-২০,০১০/- ২০-গ্রেড | ০৭টি | বাংলাদেশ বৈদ্যুতিক লাইসেন্সিং বোর্ড হতে গ শ্রেণীর বৈদ্যুতিক লাইসেন্স/ওয়ার্কম্যান পারমিটসহ বৈদ্যুতিক কাজে বাস্তব অভিজ্ঞতা এবং ৮ম শ্রেণী উত্তীর্ণ ও সুস্বাস্থ্যের অধিকারী। |
| ৪। | অফিস সহায়ক ৮,২৫০-২০,০১০/- ২০-গ্রেড | ১১৭টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | নিরাপত্তা প্রহরী ৮,২৫০-২০,০১০/- ২০-গ্রেড | ৩০টি | ভাল দৈহিক গঠন, সুস্বাস্থ্যের অধিকারী ও সরকার কর্তৃক স্বীকৃত স্কুল হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। |
| ৬। | মালী ৮,২৫০-২০,০১০/- ২০-গ্রেড | ০৮টি | বাগানের কাজে ৩(তিন) বছরের অভিজ্ঞতাসহ সরকার কর্তৃক স্বীকৃত স্কুল হতে ৮ম শ্রেণী উত্তীর্ণ। |

শর্তসমূহঃ

১। উপরে উল্লেখিত পদের জন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে আবেদনকারীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান ও শারিরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণে জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্র এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত এক সেট সনদপত্রাদি দাখিল করতে হবে।

৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া, বিজ্ঞপ্তিতে চাওয়া শর্তের সাথে অসামঞ্জস্যপূর্ণ প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা যে কোন পর্যায়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৫। এ বিজ্ঞপ্তির আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬। চাকুরিতে নিয়োগ লাভের ব্যাপারে কোন প্রকার তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমাণ করবে।

৭। নিয়োগপত্র জারীর পরও স্বাস্থ্যগত পরীক্ষা ও পুলিশ ভেরিফিকেশনে কোন প্রকার অসংগতি থাকলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

৮। এ নিয়োগ বিজ্ঞপ্তিটি গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে (www.pwd.gov.bd) পাওয়া যাবে।

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

68/Lotus mujammel apoinment

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://pwd.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০-১১-২০২০ খ্রিঃ সকাল ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১০-১২-২০২০ খ্রিঃ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা; টেলিটকের সার্ভিস চার্জ ০৬/- টাকাসহ মোট ৫৬ (ছাপান্ন) টাকা Online আবেদন সফলভাবে সম্পন্ন হওয়ার অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: PWD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: PWD ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-56/-(Fiftysix)(Tk 50 for examination fee & Tk 6 for Teletalk service charge) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PWD<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: PWD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: PWD YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PWD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://pwd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র** যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online **আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ **প্রেরিত User ID এবং Password** ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও **স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে PWD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PWD Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে: PWD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PWD Help PIN12345678 & send to 16222.

( আহমেদ আব্দুল্লাহ নূর )
নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি।